

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা-৩ শাখা
www.hsd.gov.bd

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১২২.২৭.২৫৭.২৫-২৪৭

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩৩
২১ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, ডা. দুর্দানা চৌধুরী (১১১৮৫১), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা 'Scholarship Degree on Doctor of Philosophy in Advanced Medicine' কোর্সে অংশগ্রহণ করার জন্য ১৫.০২.২০১৫ হতে ৩০.০৮.২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত শিক্ষা ছুটি মঞ্জুর করে অস্ট্রেলিয়ায় গমন করেন এবং ৩১.০৮.২০১৮ খ্রি. তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ৩০.০৮.২০২৩ খ্রি. তারিখে তাঁর চাকরিতে অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছর পূর্ণ হয়েছে;

যেহেতু, বাংলাদেশ চাকুরি বিধিমালার (বিএসআর) ১ম খন্ডের বিধি-৩৪ এর বিধানমতে, 'ঘটনার বিশেষ অবস্থা বিবেচনাপূর্বক সরকার অন্যরূপ কোনো সিদ্ধান্ত না নিলে, বাংলাদেশ ফরেন সার্ভিসে কর্মরত থাকার ক্ষেত্রে ব্যতীত, অন্যত্র ছুটিসহ অথবা ছুটি ব্যতীত একাধিক্রমে ০৫ (পাঁচ) বছর কর্ম হইতে অনুপস্থিত থাকার পর একজন সরকারি কর্মচারীর চাকরির অবসান হইবে';

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার চাকরিতে অনুপস্থিতি পাঁচ বছর পূর্ণ হওয়ার ৩০.০৮.২০২৩ খ্রি. তারিখের পরদিন অর্থাৎ ৩১.০৮.২০২৩ খ্রি. তারিখ হতে তাঁর চাকরির অবসান ঘটবে;

যেহেতু, অনুপস্থিতির জন্য অভিযুক্ত কর্মকর্তাকে ২০.১০.২০২৫ খ্রি. তারিখের ১১০৭ নং স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি ১২.১১.২০২৫ খ্রি. তারিখে কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং শুনানি দিতে ইচ্ছুক মর্মে জানান;


যেহেতু, গত ২২.০৪.২০২৬ খ্রি. তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং ব্যক্তিগত শুনানিতে তিনি চাকরি হতে অব্যাহতি চেয়েছেন;

যেহেতু, সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি অবসানের প্রস্তাব প্রধানমন্ত্রীর মাধ্যমে পেশ করা হলে রাষ্ট্রপতি উক্ত প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেন;

সেহেতু, তাঁর চাকুরি ৩১.০৮.২০২৩ খ্রি. তারিখ হতে অবসান কার্যকর করা হলো। উক্ত তারিখের পরে তিনি কোনো বেতনভাতা উত্তোলন করে থাকলে তা সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(ড. আ. ন. ম. বজ্জলুর রশীদ)
সচিব

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১২২.২৭.২৫৭.২৫-২৪৭/১(৬)

০১৬ আশ্বিন ১৪৩৩
তারিখ: ২৮ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডেটাবেজে সংরক্ষণের অনুরোধসহ)
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের বিশ কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)
- ৫। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৮। ডা. দুর্দানা চৌধুরী (১১১৮৫১), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (স্থায়ী ঠিকানা-সৈয়দ ভিলা, নতুন বাজার, বরিশাল)


সিদ্দিকিয়া আফরিন ২৮/০৯/২৬
সিনিয়র সহকারী সচিব